NYC Department of Education
Carmen Fariña, Chancellor

NYC Health
Mary Bassett, Commissioner

প্রিয় পিতামাতা ও পরিবারবর্গ,

গত বৃহস্পতিবার ম্যানহ্যাটনে বসবাসকারী একজন চিকিৎসকের, যিনি সম্প্রতি গিনিতে রোগীদের সঙ্গে কাজ করেছিলেন, তার জ্বর দেখা দেয়। ইএমএস এর সঙ্গে যোগাযোগ করা হয় এবং ওই চিকিৎসককে বেলভ্যু হসপিটালে নিয়ে যাওয়া হয়, যেখানে ইবোলা রোগনির্ণয় নিশ্চিত হয়। নিউ ইয়র্ক সিটিতে এটাই প্রথম ইবোলার ঘটনা।

ইবোলা সম্পর্কে পিতামাতাদের ফিলহাল পরামর্শলাভ নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (NYCDOE) ও ডিপার্টমেন্ট অভ মেন্টাল হেলথ অ্যান্ড হাইজিন (DOH) একযোগে কাজ করছে। আপনার সন্তান ও আপনার ইবোল হওয়ার ঝুঁকি কত কম তা বোঝার জন্য আপনাকে নিচের তথ্য সাহায্য করবে:

- ইবোলা একমাত্র কোন সংক্রামিত ব্যক্তির দেহনিঃসৃত তরল পদার্থের সংস্পর্শে আসলেই ছড়াতে পারে। এটি বাতাসে বা একজন সংক্রামিত ব্যক্তির কাছে থাকার কারণে ছড়ায় না।
- লক্ষণ, যেমন জ্বর, দেখা দিতে শুরু করার পরেই কেবল মানুষ ছোঁয়াচে হয়ে ওঠে।
- ইবোলার প্রাদুর্ভাব কেবল তিনটি দেশে সীমাবদ্ধ রয়েছে – লাইবেরিয়া, গিনি ও সিয়েরা লিওন।
- কেউ যদি গত ২১ দিনের মধ্যে লাইবেরিয়া, গিনি বা সিয়েরা লিওনে গিয়ে থাকেন এবং তার মধ্যে কোন লক্ষণ না দেখা দিয়ে থাকে, তহলে তিনি অন্য কাউকে ইবোলা সংক্রমিত করতে পারবেন না।
- আপনি বা আপনার সন্তান যদি গত ২১ দিনের মধ্যে এই তিনটি দেশের কোনটিতে গিয়ে থাকেন এবং তার মধ্যে জ্বর, মাথাব্যথা, পেশিতে ব্যথা, বমি, ডায়ারিয়া, পেটব্যথা,অথবা খিদের অভাবসহ ইবোলার প্রাথমিক লক্ষণগুলি ফুটে ওঠে, তাহলে কোন প্রাপ্তবয়স্কের অবিলম্বে 911 নম্বরে ফোন করে সংক্রমিত ব্যক্তির রোগের লক্ষণ এবং ভ্রমণের ইতিহাস বর্ণনা করতে হবে। অভিবাসনের অবস্থা এবং বিল পরিশোধের সামর্থ্য আছে কিনা জিজ্ঞাসা না করেই সিটির সর্বত্র স্বাস্থ্য সেবা প্রদান করা হবে। চিকিৎসা লাভ না করা অবধি আপনার সন্তানকে স্কুলে পাঠাবেন না।

নিউ ইয়র্ক সিটির ছেলেমেয়ে ও পিতামাতাদের নিরাপদ রাখার জন্য নিউ ইয়র্ক সিটি এর স্টেট ও ফেডারেল সহযোগীদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছে। নিউ ইয়র্কে এই রোগের সংকমণ ঘটার ঝুঁকি খুব কম, এবং আমরা আশা করছি এই তথ্য আপনার কোন সম্ভাব্য উদ্বেগ নিরসন করবে।

- সকল এনওয়াইসিডিওই স্কুল নার্স ও নিউ ইয়র্ক সিটির চিকিৎসা প্রদানকারীদের হেলথ ডিপার্টমেন্ট ইবোলার লক্ষণ দেখা এবং সম্ভাব্য সংক্রমিতদের আলাদা করে মূল্যায়নের উদ্দেশ্যে হাসপাতালের পাঠানর জন্য প্রস্তুত করেছে।
- অগাস্ট থেকে ডিওই সকল প্রিন্সিপ্যালকে প্রত্যেক সপ্তাহে ইবোলার ফিলহাল তথ্য দিচ্ছে।
- এই অবস্থায় কী করতে হবে জানিয়ে সকল স্কুল প্রিন্সিপ্যালকে একটি চিঠি দেয়া হয়েছে যা পাওয়া যাবে schools.nyc.gov
- ডিওইর সঙ্গে যৌথভাবে ডিওএইচ উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে জবাব দেয়ার দায়িত্বে নিয়োজিত কেন্দ্রীয় কর্মচারীদের প্রশিক্ষণ দিচ্ছে।

ডিওই এবং ডিওএইচ ইবোলা সম্পর্কিত সর্বশেষ তথ্য পিতামাতাদের অবহিত করার জন্য অঙ্গীকারবদ্ধ। ইবোলা সম্পর্কে সর্বশেষ নির্ভুল তথ্য লাভ করার জন্য www.nyc.gov/healthওয়েবসাইট দেখুন অথবা আপনার স্কুল নার্সের সঙ্গে কথা বলুন।

আপনাকে ধন্যবাদ।

Carmen Fariña

কারমেন ফারিনিয়া
চ্যানসেলর
ডিপার্টমেন্ট অভ এডুকেশন

Mary T Bassett

ড. ম্যারি টি ব্যাসেট
কমিশনার
ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন